

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৭ (ভোকেশনাল-২)  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০২৮.১৩.৭০৭

তারিখঃ ০৬/১০/২০১৬ খ্রিঃ


বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের প্রকিউরমেন্ট প্লান অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কশপ, নারায়নগঞ্জ এর স্মারক নং সাঃ/৪৪/৭১১, তারিখ: ২১/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- পিপিআর-২০০৮ এ বিদ্যমান "Annual Procurement Plan" এর ছক ক্রয় প্রক্রিয়াকরণের তারিখসহ যথাযথভাবে পূরণ করা হয়নি।
- ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় উপখাতের অধীনে সম্পদ না চেয়ে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন প্রস্তাব করা হয়েছে
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় অধিকাংশ জায়গায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এ বিদ্যমান সুনির্দিষ্ট ছক তারিখসহ যথাযথভাবে পূরণ, বাজেটে উল্লিখিত উপখাতের অধীনে সংশ্লিষ্ট মালামাল/যন্ত্রপাতিসমূহ, ক্রয়/মেরামতের নিমিত্ত স্পেসিফিকেশনসহ উপখাতওয়ারী তালিকা প্রস্তুত করতঃ পুণরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্মসচিব  
পরিচালক (ভোকেশনাল)  
ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

ইকুইপমেন্ট অফিসার  
সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কশপ,  
পাঠানটুলী, নারায়নগঞ্জ।

অনুলিপি :

০১/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।